জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

জবি/প্রশা-১৩/২৮/২০০৮/১৪৬ তারিখ: ১৭ই ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ইনস্টিটিউট/বিভাগ/বিষয়-এ শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে online-এ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.job.jnu.ac.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্রম. | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫), বিভাগ/বিষয় ও পদসংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | পদ : অধ্যাপক<br>টাকা: ৫৬,৫০০-৭৪,৪০০/-<br>বেতন গ্রেড : ০৩<br>বিভাগ/বিষয় ও পদসংখ্যা :<br>রাষ্ট্রবিজ্ঞান-০৩<br>লোকপ্রশাসন-০১ | ক) স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর-এর উভয় পর্যায়ে ন্যূনতম ১ম শ্রেণি/সিজিপিএ ৩.৬০ এবং এসএসসি/এইচএসসি-এর যে কোন এক পর্যায়ে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল ৫.০০ এর মধ্যে) থাকতে হবে;<br>খ) প্রার্থীদের পিএইচডি/সমমান ডিগ্রী থাকতে হবে এবং ন্যূনতম ১২ (বারো) বছরের, তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে ন্যূনতম ০৪ (চার) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে স্থায়ী সমমান পদে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে;<br>গ) শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি বা সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>ঘ) স্বীকৃত peer reviewed জার্নালে ন্যূনতম ১০ (দশ) টি প্রকাশনা [সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) টি, তন্মধ্যে First Author/Corresponding Author হিসেবে ০২ (দুই) টি তবে কোনটিতে Author হিসেবে Third বা তার বেশি ক্রম (Corresponding Author ব্যতীত) গ্রহণযোগ্য হবে না] থাকতে হবে। |
| ০২ | পদ : সহযোগী অধ্যাপক<br>টাকা: ৫০,০০০-৭১,২০০/-<br>বেতন গ্রেড : ০৪<br>ইনস্টিটিউট/বিভাগ/বিষয় ও পদসংখ্যা :<br>আধুনিক ভাষা ইনস্টিটিউট-০১<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-০১ | ক) স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর-এর উভয় পর্যায়ে ন্যূনতম ১ম শ্রেণি/সিজিপিএ ৩.৬০ এবং এসএসসি/এইচএসসি-এর যে কোন এক পর্যায়ে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল ৫.০০ এর মধ্যে) থাকতে হবে;<br>খ) প্রার্থীদের পিএইচডি/সমমান ডিগ্রী থাকতে হবে এবং ন্যূনতম ০৭ (সাত) বছরের, তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে স্থায়ী সমমান পদে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে;<br>গ) শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি বা সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>ঘ) স্বীকৃত peer reviewed জার্নালে ন্যূনতম ০৪ (চার) টি প্রকাশনা [তন্মধ্যে সহকারী অধ্যাপক পদে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি, তবে কোনটিতে Author হিসেবে Third বা তার বেশি ক্রম (Corresponding Author ব্যতীত) গ্রহণযোগ্য হবে না] থাকতে হবে। |
| ০৩ | পদ : সহকারী অধ্যাপক<br>টাকা: ৩৫,৫০০-৬৭,০১০/-<br>বেতন গ্রেড : ০৬<br>ইনস্টিটিউট/বিভাগ/বিষয় ও পদসংখ্যা :<br>আধুনিক ভাষা ইনস্টিটিউট-০১<br>আইন-০১<br>অণুজীব বিজ্ঞান-০১ | ক) প্রার্থীদের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৪.৫ (চতুর্থ বিষয়সহ) থাকতে হবে। তবে ২০০১ ও ২০০২ সালে এসএসসি/সমমান এবং ২০০৩ ও ২০০৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ৩.২৫ থাকতে হবে;<br>খ) বিজনেস স্টাডিজ অনুষদ ব্যতীত অন্যান্য অনুষদে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। তবে বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং দর্শন বিভাগের ক্ষেত্রে যে কোন একটিতে প্রথম শ্রেণি অথবা সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে ৩.৫ থাকতে হবে;<br>গ) ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য বিবিএ এবং এমবিএ উভয় পরীক্ষায় সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৮৫ থাকতে হবে;<br>ঘ) কলা অনুষদের সংগীত ও নাট্যকলা বিভাগ এবং চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে যেকোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে;<br>ঙ) পিএইচডি/সমমান ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০১ (এক) বছরের, এমফিল/সমমান বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০২ (দুই) বছরের বিদেশী ২য় মাস্টার্স (রিসার্চ মাস্টার্স) ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০২ (দুই) বছরের, যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রী নাই তাঁদের ন্যূনতম ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে স্থায়ী সমমান পদে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে;<br>চ) স্বীকৃত peer reviewed জার্নালে ন্যূনতম ০২টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি, তবে কোনটিতে Author হিসেবে Third বা তার বেশি ক্রম (Corresponding Author ব্যতীত) গ্রহণযোগ্য হবে না। |

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

[পূর্ব পৃষ্ঠার পর]

| | | |
|---|---|---|
| ০৪ | পদ : প্রভাষক<br>টাকা: ২২,০০০-৫৩০৬০/-<br>বেতন গ্রেড : ০৯<br>ইনস্টিটিউট/বিভাগ/বিষয় ও পদসংখ্যা :<br>আধুনিক ভাষা ইনস্টিটিউট-০২<br>মার্কেটিং-০১<br>রসায়ন-০১ (ভৌত/জৈব)<br>গণিত-০১<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা-০১ (সহযোগী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে)<br>মনোবিজ্ঞান-০১<br>অণুজীব বিজ্ঞান-০১<br>ফার্মেসী-০৪<br>জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি-০১ | ক) প্রার্থীদের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৪.৫ (চতুর্থ বিষয়সহ) থাকতে হবে। তবে ২০০১ ও ২০০২ সালে এসএসসি/সমমান এবং ২০০৩ ও ২০০৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ৩.২৫ থাকতে হবে;<br>খ) বিজনেস স্টাডিজ অনুষদ ব্যতীত অন্যান্য অনুষদে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি অথবা সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। তবে বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং দর্শন বিভাগের ক্ষেত্রে যে কোন একটিতে প্রথম শ্রেণি অথবা সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে ৩.৫ থাকতে হবে;<br>গ) ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য বিবিএ এবং এমবিএ উভয় পরীক্ষায় সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৮৫ থাকতে হবে;<br>ঘ) কলা অনুষদের সংগীত ও নাট্যকলা বিভাগ এবং চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে;<br>ঙ) উপরে উল্লেখিত যোগ্যতাসমূহ থাকলেই কেবল উচ্চতর ডিগ্রী, শিক্ষাগত ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

**সাধারণ শর্তাবলী :**

১. শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত প্রতিলিপি, সকল গবেষণা প্রবন্ধ/প্রকাশনার কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে Online-এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ (এগারো) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৮ (আট) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য আগামী ২৮/০১/২০২৬ খ্রি. এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য আগামী ০৭/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে।

২. সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপণ করার সময় অন্য শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের চাকরিকাল নিম্নরূপভাবে গণনা করা হবে:
ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর।
খ) সরকারি কলেজে শিক্ষকতার ৬০% তবে সর্বোচ্চ ১০ বছর।
গ) অন্যান্য সকল স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান যেখানে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করা হয় সেখানে শিক্ষকতার/স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতার ৫০% তবে সর্বোচ্চ ১০ বছর।

উল্লেখ্য, গত ০৩/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৭০-তম সভার পূর্বে যে সকল শিক্ষক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চাকরিতে যোগদান করে কর্মরত আছেন তাদের ক্ষেত্রে ২ নং শর্ত প্রযোজ্য হবে না।

৩. অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ৯০০.০০ (নয়শত) টাকা এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা Nagad/Rocket-এর মাধ্যমে Payment করতে হবে।

৪. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৫. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যাতিরেকে যে কোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোনো কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

৭. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে।

৮. পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯. লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

17/12/2025

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)